

## সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৪

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ৮. কিয়াস ও মনগড়া মতামত হতে বেঁচে থাকা।

# بَابِ اجْتِنَابِ الرَّأْيِ وَالْقِيَاسِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ الْهَمْدَانِيُّ، حَدَّثَنِي رِشْدِينُ بْنُ سَعْد، وَجَعْفَرُ بْنُ عَوْن، عَنِ ابْنِ أَنْعُم، \_ هُوَ الإِفْرِيقِيُّ \_ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَافِع، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم \_ " الْعِلْمُ ثَلاَثَةٌ فَمَا وَرَاءَ ذَلِكَ فَهُوَ فَضْلٌ آيَةٌ مُحْكَمَةً أَوْ سُنَّةٌ قَائِمَةٌ أَوْ فَرِيضَةٌ عَادِلَةٌ " .

#### বাংলা

৩/৫৪। আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অত্যাবশ্যকীয় ইলম (জ্ঞান) তিন প্রকার, এ ছাড়া অবশিষ্টগুলো অতিরিক্তঃ আল-কুরআনের বিধান সম্পর্কিত (মুহকাম) আয়াতসমূহ অথবা প্রতিষ্ঠিত সুন্নাহ (হাদীস) অথবা ইনসাফভিত্তিক ফারায়েজের জ্ঞান (ওয়ারিসী স্বত্ব ন্যায়সঙ্গতভাবে বণ্টনের জ্ঞান)।

### **English**

It was narrated that 'Abdullah bin 'Amr said:

"The Messenger of Allah (ﷺ) said: 'Knowledge is based on three things, and anything beyond that is superfluous: a clear Verse, an established Sunnah, or the rulings by which the inheritance is divided fairly.'"

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবূ দাউদ ২৮৮৫ তাহক্বীক্ব আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: মিশকাত ২৩৯।

উক্ত হাদিসের রাবীঃ

১. রিশদীন বিন সা'দ সম্পর্কে আহমাদ বিন হাম্বল তাকে দুর্বল বলেছেন। ইয়াহইয়া বিন মাঈন তার থেকে কোন



হাদিস লিপিবদ্ধ করেন নি। আমর ইবনুল ফাল্লাস ও আবু যুরআহ আর-রাযী তাকে দুর্বল বলেছেন। আবু হাতীম আর-রাযী মুনকারুল হাদীস ও তার মাঝে অমনোযোগিতার কথা উল্লেখ করেছেন।

- ২. (আব্দুর রহমান বিন যিয়াদ) ইবনু আনউম আল ইফরিকী সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল কাত্তান বলেন, তার থেকে হাদিস গ্রহন বর্জনীয়। ইবনু মাহদী বলেন তার থেকে হাদিস গ্রহন করা উচিত নয়। আহমাদ বিন হাম্বাল বলেন আমি তার থেকে হাদিস লিপিবদ্ধ করি নি।
- ৩. আব্দুর রহমান বিন রাফি সম্পর্কে ইমাম বুখারী ও আবু হাতিম আর রাযী এবং ইমাম যাহাবী বলেন, মুনকারুল হাদিস।আস-সাজী বলেন তার ব্যাপারে সমালোচনা রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=9764

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন